

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
প্রকল্প বাস্তবায়ন-২ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

স্মারক নং-৪৫.১৭৩.০০২.০০.০০.০২৫.২০১৭-৬৯


তারিখ: ১০.০৩.২০১৯খ্রি:

বিষয়: মায়ানমার থেকে আগত রোহিঙ্গা জনগোষ্ঠীকে স্বাস্থ্য সেবা প্রদানের নিমিত্তে কমিউনিটি ক্লিনিক নির্মাণ সম্পর্কিত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মায়ানমার থেকে বিপুল সংখ্যক রোহিঙ্গা জনগোষ্ঠী বাংলাদেশের কক্সবাজারসহ অন্যান্য জায়গায় পালিয়ে এসে শরণার্থী হিসেবে বসবাস করছে। এই সব শরণার্থী জনগোষ্ঠী অসুস্থ পরিবেশে উক্ত এলাকায় গাঢ়াদাদি করে বসবাস করছে। এই বিপুল পরিমাণ শরণার্থী জনগোষ্ঠীকে ভাষানচর, হাতিয়া নোয়াখালীতে স্থানান্তর করা হবে। স্থানান্তরিত রোহিঙ্গা শরণার্থী জনগোষ্ঠীর স্বাস্থ্য সেবা প্রদানের জন্য ভাষানচর, হাতিয়া নোয়াখালীতে প্রয়োজনীয় সংখ্যক স্বাস্থ্য সেবা কেন্দ্র নেই। রোহিঙ্গা শরণার্থীদের চিকিৎসা সেবা প্রদানের জন্য প্রয়োজনীয় সংখ্যক কমিউনিটি ক্লিনিক নির্মাণ করা প্রয়োজন।

৪র্থ স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি (৪র্থ এইচপিএনএসপি) সেক্টর প্রোগ্রামে স্বাস্থ্য স্থাপনাবিহীন ১০২৯ (এক হাজার উনত্রিশ)টি সাবেক ওয়ার্ডে একটি করে কমিউনিটি ক্লিনিক নির্মাণের লক্ষ্যে 'ফিজিক্যাল ফ্যাসিলিটিজ ডেভেলপমেন্ট' পিএফডি-ওপিতে ১০২৯ (এক হাজার উনত্রিশ)টি কমিউনিটি ক্লিনিকের নির্মাণ সংস্থান রয়েছে।

এমতাবস্থায়, মায়ানমার থেকে আগত রোহিঙ্গা শরণার্থী জনগোষ্ঠীকে স্বাস্থ্য সেবা প্রদানের নিমিত্তে ভাষানচর, হাতিয়া নোয়াখালীতে প্রয়োজনীয় সংখ্যক কমিউনিটি ক্লিনিক নির্মাণের প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(এস এম জাহাঙ্গীর হোসেন)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৪৯৫৪০

বিতরণ :

১. ব্যবস্থাপনা পরিচালক ও অতিরিক্ত সচিব, কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাষ্ট, বিএমআরসি ভবন, মহাখালী, ঢাকা।
২. লাইন ডাইরেক্টর, কমিউনিটি বেইজড হেলথ কেয়ার, বিএমআরসি ভবন (২য় তলা), মহাখালী, ঢাকা।

অনুলিপি :

১. সভাপতি, কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাষ্ট, বিএমআরসি ভবন, মহাখালী, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (উন্নয়ন ও লাইন ডাইরেক্টর, 'ফিজিক্যাল ফ্যাসিলিটিজ ডেভেলপমেন্ট'), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৪. প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ১০৫-১০৬ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
৫. জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী।
৬. সিভিল সার্জন, নোয়াখালী।
৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৯. অতিরিক্ত সচিব (আ:ব্য:ও অ:) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. মুখ্য সচিব (প্রবা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।